গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ অধিশাখা
www.mos.gov.bd

বিষয়: বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) বিধিমালা,২০২১ (খসড়া) প্রণয়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

তারিখ : ২২-০২-২০২২ খ্রি.।

সময় : বিকাল ০৩.০০ টা।

স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির সদয় নির্দেশক্রমে নৌপরিবহন মন্ত্রণালয়ের উপসচিব জনাব মুহাম্মদ লুৎফর রহমান আলোচ্য বিষয় এবং প্রস্তাবিত খসড়া বিধিমালার উপর বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা ও নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার প্রেরিত মতামত সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবকৃত খসড়া বিধিমালার উপর মতামত প্রদানের জন্য এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সংস্থা এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের মতামত চাওয়া হয়। গত ১৭-০২-২০২২ খ্রি. তারিখের স্টেকহোল্ডারগণের সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা ও নৌপরিবহন মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/সংস্থার প্রেরিত মতামত সভায় উপস্থাপন করা হয়।

২। বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর ব্যবস্থাপনা পরিচালক কমডোর এসএম সাব্বির সভায় নিম্নরূপ মতামত ব্যক্ত করেন:

বিধি-২ এর সংজ্ঞায় নিম্নরুপ শব্দগুচ্ছের ব্যাখ্যা সংযোজন করা যেতে পারে-

(ত) 'গ্রাউন্ড রূল (Ground Rule)' অর্থ সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পণ্য পরিবহণের নিমিত্ত জাহাজ নির্ধারণ এর বিষয়ে সরকারের অনুমোদনক্রমে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চার্টারিং কমিটির গ্রাউন্ড রূল এবং ইহার সংশোধনী আদেশ;

(থ) 'বিএসসি' অর্থ বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর অধীন প্রতিষ্ঠিত রাষ্ট্রায়ত্ব শিপিং সংস্থা;

বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ এর ধারা-৩(২) এর অধিকতর ব্যাখ্যা প্রদানের জন্য খসড়া বিধিমালার বিধি-৬ এর উপবিধি-১-এ উল্লিখিত প্রস্তাবনাটি পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮, প্রতিযোগীতা আইন, ২০১২ এবং জাহাজ চার্টারিং সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান (চার্টারিং কমিটির Ground Rule) এর সাথে সামঞ্জস্যপূর্ণ নহে। দরপত্র প্রক্রিয়ায় বাংলাদেশের পতাকাবাহী জাহাজকে এরূপ প্রথম অধিকারের প্রত্যাখান (First Right of Refusal) প্রদান করা হলে প্রতিযোগিতামূলক দর প্রাপ্তি নিশ্চিত হবেনা। এছাড়া, জাহাজ ভাড়ার উপর সরকারের কোন নিয়ন্ত্রন থাকবেনা এবং বাংলাদেশের পতাকাবাহী জাহাজ মালিকের উপর সরকার জিম্মি হয়ে পড়বে, যা জাতীয় স্বার্থ পরিপন্থী হবে মর্মে বিএসসি মনে করে। অতএব, আইনের ধারা-৩(২) এর অধিকতর স্পষ্টীকরনের নিমিত্ত প্রস্তাবিত বিধি-৬ সংশোধন এর প্রস্তাব করেন। এছাড়া তিনি বিধি-৯ এবং ১১ সংশোধনের প্রস্তাব করেন।

৩। সভায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান বলেন "বন্দর" অর্থ সরকার কর্তৃক ঘোষিত সমুদ্র বন্দর কিংবা ইহার টার্মিনাল/জেটি/বার্থকেও বুঝাইবে মর্মে সংযুক্ত করা যেতে পারে। উক্ত মতামতের সাথে সভায় সকলে একমত পোষণ করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

৪। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের প্রতিনিধি ড. মহ. শেরে আলী, যুগ্মসচিব সভায় জানান যে, অপরিশোধিত জ্বালানী তেল বাংলাদেশ শিপিং কর্পোরেশনের মাধ্যমে আমদানি করা হয়। পরিশোধিত তেল আমদানীর বিষয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন CFR পদ্ধতি অনুসরন করে থাকে। তিনি সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত ও পরিশোধিত-অপরিশোধিত জ্বালানি তেল বিএসসি এর মাধ্যমে আমদানির বিষয়ে গত ১৬-১১-২০২১ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মতে গঠিত কমিটির সভা অনুষ্ঠিত হয় নি মর্মে সভাকে অবহিত করেন।

৫। অত:পর জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব এ.কে. এম নুরুল হুদা সাজ্জাদ, বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কমডোর এস এম সাব্বিরসহ এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণ, যুগ্মসচিবগণ বিধির বিভিন্ন ধারার উপর তাঁদের বক্তব্য উপস্থাপন করেন। এছাড়াও, পায়রা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ সোহায়েল জাতীয় নদী রক্ষা কমিশনের সার্বক্ষণিক সদস্য বেগম কামরুন নাহার আহমেদ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আলমগীর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন এর চেয়ারম্যান জনাব আহমদ শামীম আল রাজী, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর পরিচালক জনাব সুমন বড়ুয়া, বাংলাদেশ মেরিন একাডেমির কমান্ড্যান্ট ড. সাজিদ হোসেন, মোংলা বন্দর কর্তৃপক্ষের সদস্য (হারবার এন্ড মেরিন) কমডোর মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তরফদার Zoom/অনলাইনে যুক্ত থেকে সভায় বক্তব্য রাখেন।

**সিদ্ধান্ত** : সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক। বিধি-২(ঠ)-তে "বন্দর" অর্থ সরকার কর্তৃক ঘোষিত সমুদ্র বন্দর কিংবা ইহার টার্মিনাল/জেটি/বার্থকেও বুঝাইবে মর্মে সংযোজন করা হবে;

খ। বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ লংঘন করিয়া পণ্য পরিবহনের ফলে বিদেশী পতাকাবাহী জাহাজের বিরুদ্ধে জরিমানা আরোপিত হইলে উক্ত জরিমানার অর্থ হইতে আপত্তি প্রদানকারী বাংলাদেশী পতাকাবাহী জাহাজ মালিক তাহার ক্ষতিপূরণ কিভাবে পেতে পারে এই বিষয়ে সংশ্লিষ্ট সকলকে লিখিত মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।

গ। বিধি-৬ সহ অন্যান্য বিষয়সমূহ স্টেকহোল্ডারদের সভায় এবং আন্তঃমন্ত্রণালয় সভায় আলোচনা করে খসড়া বিধিমালাটি চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিধি-৯ এ **সংশ্লিষ্ট বন্দরের বিধি বিধান অনুযায়ী** শব্দগুলো সংযোজিত হবে;

ঘ। ১৬/১১/২০২১ খ্রি. তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ নং ০৭ অনুযায়ী জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে আহ্বায়ক করে সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত-পরিশোধিত জ্বালানি তেল বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর মাধ্যমে পরিবহনের বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত গঠিত কমিটির সভা জরুরী ভিত্তিতে আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য সিনিয়র সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ১০-০৩-২০২২
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

(অঃ পৃঃ দ্রঃ)

নং-১৮.০০.০০০০.০২৪.০০৪.০২.২১- ৬৬ তারিখ: ১৬-০৩-২০২২।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৫। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা।
৮। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৯। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
১০। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
১১। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা।
১৩। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, ঢাকা।
১৪। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
১৬। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম।
১৭। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
১৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
১৯। প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, চট্টগ্রাম।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)/(উন্নয়ন)/(সংস্থা-১/২) এবং যুগ্মসচিব (জাহাজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

১৬/০৩/২০২২

(মুহাম্মদ লুৎফর রহমান)
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬
ds.ship@mos.gov.bd